



উপজেলা পরিক্রমা

ফুলতলা

ফুলতলা (খুলনা), ১০ জানুয়ারী (সংবাদদাতা)।— খুলনা জেলার একটি উপেক্ষিত জনপদের নাম ফুলতলা উপজেলা। প্রাকৃতিক বৈচিত্র্যে পরিপূর্ণ এ উপজেলাটি বর্তমানে বিভিন্ন সমস্যার কবলে। ৪টি ইউনিয়ন ও ৩৭টি গ্রাম নিয়ে গঠিত উপজেলা ফুলতলায় ১ লাখ লোকের বাস। আয়তন মাত্র ২৯ বর্গ মাইল।

কৃষি ব্যবস্থা

এই উপজেলার প্রধান উৎপাদিত ফসল হচ্ছে ধান, পাট, সরিষা, গম ইত্যাদি। প্রয়োজনীয় কৃষি উপকরণ খরা, বন্যা, ভাল বীজ, সার ও কীটনাশকের অভাবে এখানে কৃষকরা রেকর্ড পরিমাণ খাদ্য শস্য উৎপাদন করতে পারছে না। এ উপজেলার মোট জমির পরিমাণ ১৮,৪৬১ একর। কৃষিযোগ্য ১৩,০০০ একর। একফসলী জমি ৬,৭০০ একর। দোফসলী জমি ৫,২০০ একর। তিনফসলী জমি ১,১০০ একর। পতিত জমি ২৬৩ একর। সেচযোগ্য ১৬৮ একর ও মাথাপিছু জমির পরিমাণ দশমিক ২০ শতাংশ।

শিক্ষা ব্যবস্থা

শিক্ষার ক্ষেত্রে এ উপজেলাটি অনেক পিছিয়ে আছে। জনসংখ্যার তুলনায় শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যাও কম। ফলে শিক্ষিতের হারও কম। ফুলতলার একমাত্র কলেজ ফুলতলা এস. এম. কলেজ তাও নানা সমস্যায় জর্জরিত। এখানে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে হাই স্কুল ৮টি, উচ্চ বালিকা বিদ্যালয় ১টি, নিম্নমাধ্যমিক ২টি, প্রাঃ বিদ্যালয় ৩৫টি সরকারী, বেসরকারী প্রাথমিক বিদ্যালয়

৫টি ও মাদ্রাসা ৪টি। এ সব প্রতিষ্ঠান নানা সমস্যায় জর্জরিত। আর্থিক অসচ্ছলতার কারণে ছাত্র-ছাত্রীদের অল্প বয়সেই লেখা-পড়া ছাড়তে হয়। সংশ্লিষ্ট মানব সেবা সংস্থা উপজেলার বিভিন্ন এলাকায় কয়েকটি শিশু শিক্ষা ও কয়েকটি বয়স্ক শিক্ষা স্কুল চালু করেছে।

যোগাযোগ

এ উপজেলার যোগাযোগ সমস্যা অত্যন্ত প্রকট। সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থা আজো গড়ে উঠেনি। ফলে উপজেলাবাসীর দুর্ভোগ বেড়েছে। এ উপজেলার জনপথ (সড়ক) ১১৫ মাইল। পাকা সড়ক ৪৪ মাইল। কাচা ৭১ মাইল। ফুলতলা শাহপুর একটি গুরুত্বপূর্ণ সড়ক থাকা সত্ত্বেও বর্তমানে এর অবস্থা মানুষ চলাচলের অযোগ্য।

চিকিৎসা ব্যবস্থা

চিকিৎসার ক্ষেত্রে উপজেলার স্বাস্থ্য প্রকল্প ছাড়াও ৪টি পরিবার পরিকল্পনা ক্লিনিক রয়েছে। একটি চক্ষু হাসপাতালও আছে। উক্ত হাসপাতালগুলোতে জীবন রক্ষাকারী কোন ওষুধ নেই। প্রয়োজনীয় যত্নপাতির অভাবে এলাকার জনসাধারণ সুচিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে।

অন্যান্য

এ উপজেলায় ছোট খোট মিলিয়ে সর্বমোট ৭টি বাজার রয়েছে। এ ছাড়া একটি পাবলিক লাইব্রেরীও রয়েছে। ক্লাবের সংখ্যা ২৮টি। ব্যাংক ১২টি, তহশীল অফিস ২টি, খাদ্য গুদাম ২টি, গভীর নলকূপ ১টি, অগভীর নলকূপ ৬টি, পাম্প ২টি ও হস্তচালিত নলকূপ ৮০৪টি রয়েছে।